

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক-৬ শাখা

স্মারক নম্বর-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০২.২০২৩-৫৫৮

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪৩০
১৪ ডিসেম্বর ২০২৩

বিষয়: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন পূর্ব সময়ে নির্বাচনি প্রচারণা ব্যতীত নির্বাচনি কাজে বাধা হতে পারে বা ভোটারগণ ভোটপ্রদানে নিরুৎসাহিত হতে পারে এরূপ কোন প্রকার সভা, সমাবেশ বা অন্য কোন প্রকার রাজনৈতিক কর্মসূচি আয়োজনের অনুমতি প্রদান না করা সংক্রান্ত জারীকৃত প্রেস বিজ্ঞপ্তি বহল প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে ভোটগ্রহণ সমাপ্ত হওয়ার পূর্ববর্তী সময় পর্যন্ত নির্বাচনি প্রচার প্রচারণা ব্যতীত নির্বাচনি কাজে বাধা হতে পারে বা ভোটারগণ ভোটপ্রদানে নিরুৎসাহিত হতে পারে এরূপ কোন প্রকার সভা, সমাবেশ বা অন্য কোন প্রকার রাজনৈতিক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা থেকে সকলকে বিরত রাখার নির্দেশনা সংক্রান্ত এ বিভাগ হতে জারীকৃত প্রেস বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

44/১৪/১২/২০২৩
(হাবিবুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৫৬৩৩৮
pol6@mhpsd.gov.bd

রিটার্নিং অফিসার(সকল)

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে

- ১। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ২। জেলা প্রশাসক,(সকল)।
- ৩। পুলিশ সুপার,(সকল)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক-৬ শাখা

স্মারক নম্বর-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০২.২০২৩-৫৫২

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪৩০
১৪ ডিসেম্বর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশনের নির্দেশনার পরিপ্রেক্ষিতে সকলকে জানানো যাচ্ছে যে, ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রচার প্রচারণা শুরু হবে বিধায় উক্ত তারিখ হতে ভোটগ্রহণ সমাপ্ত হওয়ার পূর্ববর্তী সময় পর্যন্ত নির্বাচনি প্রচার প্রচারণা ব্যতীত নির্বাচনি কাজে বাধা হতে পারে বা ভোটারগণ ভোটপ্রদানে নিরুৎসাহিত হতে পারে এরূপ কোন প্রকার সভা, সমাবেশ বা অন্য কোন প্রকার রাজনৈতিক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা থেকে সকলকে বিরত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

44 ১৪/১২/২০২৩
(হাবিবুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৫৬৩৩৮
pol6@mhapsd.gov.bd